গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম পরিদপ্তর**
৪, রাজউক এভিনিউ
ঢাকা-১০০০
www.dol.gov.bd

নং-শ্রঃপঃ/সংস্থাপন/নিয়োগ-১/২০১৫/ ০৮ তারিখ ঃ০৬/০১/২০১৭ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

শ্রম পরিদপ্তরের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদ সমূহ পূরণ করার নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত (নমুনা) ছকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল জা.বে.স্কেল-২০১৫ | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর টাঃ ১১০০০-২৬৫৯০/- | ০৫টি | এইচএসসি পাশ । ইংরেজী ও বাংলায় শ্রুতিলিপি যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ প্রতি মিনিটে এবং টাইপে গতি প্রতিমিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ। |
| ০২ | পরিসংখ্যান সহকারী টাঃ ১১০০০-২৬৫৯০/- | ০৩টি | পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিতসহ স্নাতক ডিগ্রী |
| ০৩ | হিসাব রক্ষক টাঃ ১১০০০-২৬৫৯০/- | ০১টি | বাণিজ্যে স্নাতক ডিগ্রী |
| ০৪ | উচ্চমান সহকারী টাঃ ১০২০০-২৪৬৮০/- | ০৭টি | স্নাতক ডিগ্রী |
| ০৫ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর টাঃ ১০২০০-২৪৬৮০/- | ০২টি | এইচএসসি পাশ । ইংরেজী ও বাংলায় শ্রুতিলিপি যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ প্রতি মিনিটে এবং টাইপে গতি প্রতিমিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ২৮ ও ২৩ শব্দ। |
| ০৬ | শ্রম কল্যাণ সংগঠক টাঃ ১০২০০-২৪৬৮০/- | ০৭টি | স্নাতক ডিগ্রী |
| ০৭ | নার্স টাঃ ১০২০০-২৪৬৮০/- | ০১টি | নার্সিং কোর্সে সার্টিফিকেটধারী |
| ০৮ | কম্পাউন্ডার কাম ড্রেসার টাঃ ১০২০০-২৪৬৮০/- | ০৬টি [০১টি পদ সাধারন কোটায় এবং ০৫টি পদ মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত] | কম্পাউন্ডারশীপ কোর্সে সার্টিফিকেটধারী |
| ০৯ | পরিবার কল্যাণ পরিদর্শিকা টাঃ ১০২০০-২৪৬৮০/- | ১০টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট থাকতে হবে। |
| ১০ | গাড়ী চালক টাঃ ৯৩০০-২২৪৯০/- | ০১টি | ৮ম শ্রেণী পাস এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ক্ষেত্রমত হালকা বা ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতাসম্পন্ন। |
| ১১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ৯৩০০-২২৪৯০/- | ১৮টি [১৭টি পদ সাধারন কোটায় এবং ০১টি পদ মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত] | উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রতি মিনিটে টাইপের গতি ইংরেজীতে ৩০ এবং বাংলায় ২০ শব্দের গতি |
| ১২ | অফিস সহায়ক টাঃ ৮২৫০-২০০১০/- | ২০টি [১৮টি পদ সাধারন কোটায় এবং ০২টি পদ মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত] | ৮ম শ্রেণী পাশ |
| | সর্বমোট | ৮১টি | |

| ৫x৫ সে. মি. |
|---|
| ছবি |
| (সম্প্রতি তোলা দুই কপি) |

# নির্ধারিত ছক

## চাকুরির আবেদন ফরম

শ্রম পরিদপ্তর

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম ঃ | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর ঃ | | তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম ঃ | বাংলায় | | | | | | | | | | |
| | | ইংরেজী (বড় অক্ষরে) | | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর ঃ | | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর ঃ | | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ ঃ | | ৬. জন্মস্থান (জেলা) ঃ | | | | | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স ঃ | | বছর | | মাস | | দিন | | | | | |
| ৮. | মাতার নাম ঃ | | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম ঃ | | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা ঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | |
| | ডাকঘর ঃ | | |
| | পোষ্টকোড নম্বর ঃ | | |
| | উপজেলা ঃ | | |
| | জেলা ঃ | | |
| ১১. | যোগাযোগ ঃ | মোবাইল/টেলিফোন নম্বর ঃ | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা ঃ | ১৩. | জেন্ডার ঃ |
| ১৪ | ধর্ম ঃ | ১৫. | পেশা ঃ |

শিক্ষাগত যোগ্যতা ঃ

| ১৬. | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | |
|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ঃ | |

| | | | |
|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) ঃ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ঃ | তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ২০. | ব্যাংক ও শাখার নাম ঃ | | | | | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ | হ্যাঁ | | না | | প্রযোজ্য নয় | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|

শর্তাবলী ঃ

১। নির্ধারিত ছক পূরণ পূর্বক স্বাক্ষরিত আবেদনপত্র উপ শ্রম পরিচালক (প্রশাসন), শ্রম পরিদপ্তর, শ্রম ভবন, ৪, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ বরাবরে আগামী ০১/০২/২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে /সরাসরি দাখিল করতে হবে। উক্ত তারিখের পর ডাক বিভাগের মাধ্যমে প্রাপ্ত হলেও কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। বিভাগীয় প্রার্থীগণকেও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উল্লিখিত সময়ের ভিতরে আবেদনপত্র পৌঁছানো নিশ্চিত করতে হবে।

২। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। ক) ০১-০১-২০১৭ তারিখে আবেদনকারীর বয়স নিম্নে ১৮ (আঠার) বৎসর এবং অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে।
মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রার্থীর বয়স অনুর্ধ ৩২ (বত্রিশ) বছর।
খ) সরকারী নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা পূরণ সাপেক্ষে মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র বা কন্যা, মহিলা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ, এতিম, প্রতিবন্ধী এবং উপজাতি কোটা সংরক্ষণ করা হবে।
গ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনপত্র ও খামের উপর অবশ্যই ''মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার সন্তান'' এবং অন্যান্য কোটার ক্ষেত্রে কোটার নাম মোটা অক্ষরে উল্লেখ করতে হবে।
ঘ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানরা সাধারন কোটায় ও মুক্তিযোদ্ধার সংরক্ষিত কোটায় সকল পদেই যোগ্যতা সাপেক্ষে আবেদন করতে পারবে।

৪। আবেদনকারীকে ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ একটি খামের ডানদিকে নিজ ঠিকানা লিখে (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) খামটি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৫। **খামের উপর অবশ্যই পদের নাম, নিজ জেলা উল্লেখ করতে হবে।**

৬। আবেদন পত্রে কোন ভুল তথ্য প্রদান করা হলে বা কোন প্রকার জালিয়াতির আশ্রয় গ্রহণ করা হলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৭। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই **এ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞাপিত পদের সংখ্যা কম বা বেশী** করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৮। বিজ্ঞাপিত পদের ০১ হতে ১১ নং ক্রমিক এর প্রার্থীগণ আবেদন পত্রের সাথে ১০০/-(একশত) টাকা এবং ১২ নং ক্রমিক এর প্রার্থীগণ আবেদন পত্রের সাথে ৫০ (পঞ্চাশ) টাকা পরীক্ষার ফি **উপ-শ্রম পরিচালক (প্রশাসন), শ্রম পরিদপ্তর, ঢাকা** নামে ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং-''১-৩১৪১-০০০০-২০৩১ এ জমা প্রদান পূর্বক উহার মূল কপি আবেদনের সাথে সংযোজন করতে হবে।

৯। বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শ্রম পরিদপ্তরের ওয়েব সাইটে পাওয়া যাবে।
ওয়েব সাইটের ঠিকানা ঃ (www.mole.gov.bd এবং www.dol.gov.bd)

**(মুহাম্মদ নাসির উদ্দিন)**
**উপ শ্রম পরিচালক (প্রশাসন)**
**ও**
**সদস্য সচিব**
**বিভাগীয় নির্বাচন কমিটি**
**শ্রম পরিদপ্তর, ঢাকা**
**ফোন ঃ ৯৫৬৬৪৫৫**

D:\APOINT-2016\Advm-2016.doc